রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৫, ২০১৯

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন**

টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/২৭ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ২৮.০১.০০০০.০১২.১০.০০৯.১৯-৪০৪৩**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত ৮ ফেব্রুয়ারি ২০১১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ # ২০১১/০২ এর ধারাবাহিকতায়, বিদ্যুৎ উৎপাদনের প্রাথমিক জ্বালানির বহুমুখীকরণ, বিদ্যুতের মহাপরিকল্পনা অনুযায়ী চিহ্নিত least cost ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে অর্থায়ন, দেশে প্রাকৃতিক গ্যাসের স্বল্পতা, 'বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড'-কে একটি কার্যকর revolving ফান্ড হিসাবে পরিচালনা এবং ফান্ডের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে 'বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইন্স, ২০১২' সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয় বিধায় নিম্নরূপ রেগুলেটরী গাইডলাইন্স প্রণয়ন করা হলো :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—

(১) এ রেগুলেটরী গাইডলাইন্স 'বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইন্স, ২০১৯' নামে অভিহিত হবে;

(২) এ রেগুলেটরী গাইডলাইন্স ১ জুলাই ২০১৯ তারিখ হতে কার্যকর হবে।



মূল্য : টাকা ১২.০০

২। **সংজ্ঞা।—**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে, রেগুলেটরী গাইডলাইন্স এ—

(ক) "আর্থিক প্রতিবেদন" অর্থ অন্তর্বর্তীকালীন বা চূড়ান্ত স্থিতিপত্র, আয় বিবরণী বা লাভ ও লোকসান হিসাব, ইক্যুইটি পরিবর্তনের বিবরণ, নগদ প্রবাহ বিবরণী, টীকা ও অপরাপর বিবরণী এবং সেগুলোর ওপর ব্যাখ্যামূলক বিবরণী;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন;

(গ) "তহবিল" অর্থ বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল (Power Sector Development Fund-PSDF) বা বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ৮ ফেব্রুয়ারি ২০১১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ # ২০১১/০২ এর অধীন গঠিত বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড (Electricity Maintenance and Development Fund-EMDF);

(ঘ) "প্রকল্প" অর্থ বর্তমান সিঙ্গেল বায়ার মার্কেটের আওতাধীন বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী কর্তৃক বিদ্যুৎ উৎপাদনের উদ্দেশ্যে বা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক তার মালিকানাধীন পুরাতন/বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্র রক্ষণাবেক্ষণ, পুনঃক্ষমতায়ন (Repowering) ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে গৃহীত কোন প্রকল্প;

(ঙ) "বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)" অর্থ Bangladesh Power Development Board Order, 1972 (President's Order No. 59 of 1972) এর অধীন গঠিত Bangladesh Power Development Board;

(চ) "বিদ্যুতের একক ক্রেতা" অর্থ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) অথবা বাল্ক বিদ্যুৎ ক্রয়-বিক্রয় কার্যক্রম সম্পাদনের জন্য সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো সংস্থা;

(ছ) "গাইডলাইন্স" অর্থ বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইন্স, ২০১৯।

৩। **তহবিল গঠন।—**

(১) নিম্নবর্ণিত উপায়ে সংগৃহীত অর্থে বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল গঠিত হবে, যথা :—

(ক) কমিশন কর্তৃক, সময় সময়, জারীকৃত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার আদেশ অনুযায়ী এতদ্‌উদ্দেশ্যে সংগৃহীত অর্থ;

(খ) তহবিলে জমাকৃত অর্থের বিপরীতে প্রাপ্ত মুনাফা; এবং

(গ) তহবিলের অর্থ বিনিয়োগের বিপরীতে প্রাপ্ত সার্ভিস চার্জ।

৪। **তহবিল পরিচালনা এবং ব্যবস্থাপনা কমিটি ।—**

(১) তহবিল পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য বিদ্যুতের একক ক্রেতা হিসাবে বিউবো এর অধীন নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে "বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি" নামে একটি কমিটি থাকবে, যথা :—

| | | | |
|---|---|---|---|
| (ক) | বিউবো বোর্ড কর্তৃক মনোনীত বিউবো এর একজন সদস্য | - | সভাপতি |
| (খ) | নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিউবো | - | সদস্য |
| (গ) | মহাব্যবস্থাপক (বাণিজ্যিক পরিচালন), বিউবো | - | সদস্য |
| (ঘ) | পরিচালক (হিসাব), বিউবো | - | সদস্য |
| (ঙ) | পরিচালক (অর্থ), বিউবো | - | সদস্য-সচিব |

(২) কমিটি এ গাইডলাইন্স অনুযায়ী তহবিলের অর্থ জমা (বিনিয়োগকৃত অর্থের বিপরীতে প্রাপ্য সার্ভিস চার্জ এবং মূল অর্থ পে-ব্যাকসহ), স্থানান্তর, হিসাবভুক্তকরণ, স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগ, তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রক্ষণ এবং তহবিল নিরীক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(৩) কমিটি প্রতি ৩(তিন) মাস অন্তর সভা করবে এবং উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত বিষয়াদি সম্পর্কে যতদূর সম্ভব বিস্তারিত উল্লেখপূর্ব কমিটির সমন্বিত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে কমিশনে দাখিল করবে।

৫। **তহবিলের অর্থ জমা, পরিচালনা, হিসাবভুক্তকরণ ও ব্যবস্থাপনা।—**

(১) বিদ্যুতের একক ক্রেতা হিসাবে বিউবো কর্তৃক তহবিল পরিচালিত হবে।

(২) বিউবো "বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল" নামে সরকারি কোনো তফসিলি ব্যাংকে স্বতন্ত্র স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি) বা অনুরূপ উপযুক্ত কোনো ব্যাংক হিসাব রাখবে এবং তহবিলের অর্থ উক্ত ব্যাংক হিসাবে জমা করবে।

(৩) বিউবো কমিশন কর্তৃক, সময় সময়, জারীকৃত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার আদেশ অনুযায়ী নির্ধারিত হারে তহবিলের অর্থ, পাইকারি বিদ্যুৎ বিল আদায়ের পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে উক্ত ব্যাংক হিসাবে স্থানান্তর করবে।

(৪) তহবিলের অর্থ "বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি", বিউবো এর বোর্ডের অনুমোদনক্রমে, সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা এবং বিধি-বিধান অনুসারে পরিকল্পিতভাবে উপযুক্ত তফসিলি ব্যাংকের স্থায়ী আমানত হিসাবে নিরাপদ জমা/বিনিয়োগ করতে পারবে :

তবে শর্ত থাকে যে, এ তহবিলের অধীন গৃহীত প্রকল্প ব্যয় পরিশোধকে সর্বোচ্চ অগ্রাধিকার বিবেচনায় এ লক্ষ্যে উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত ব্যাংক হিসাবে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থের স্থিতি সর্বদা বজায় রাখতে হবে।

(৫) তহবিলের বিপরীতে অর্জিত ব্যাংক মুনাফা, বিনিয়োগকৃত মূল অর্থ এবং প্রাপ্ত সার্ভিস চার্জ উক্ত তহবিলে জমা হবে।

(৬) তহবিলের অর্থ অনুচ্ছেদ ৮ এ বর্ণিত ক্ষেত্রসমূহের আওতায় বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত প্রকল্পে কমিশনের সম্মতিক্রমে বিনিয়োগ করা যাবে।

(৭) বিউবো ত্রৈমাসিক ভিত্তিতে বা কমিশনের চাহিদা মোতাবেক তহবিলের হিসাব বিবরণী (তহবিলের অর্থ সংস্থান, ব্যাংক হিসাবে জমা/স্থানান্তরিত অর্থের পরিমাণ, ব্যয়িত/ছাড়কৃত অর্থের পরিমাণ, ব্যাংক হিসাবের স্থিতি, ইত্যাদিসহ) কমিশনে দাখিল করবে এবং এর অনুলিপি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে। এক্ষেত্রে নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ, বিউবো ফোকাল পারসন হিসাবে কাজ করবে।

৬। **তহবিলের মেয়াদ।—**

তহবিল পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে। বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্নির্ধারণ প্রক্রিয়ায় স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণের মতামতের ভিত্তিতে তহবিল বিষয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করবে।

৭। **তহবিলের অর্থ বিনিয়োগ ও ফেরত প্রদান।—**

(১) তহবিলের অর্থ অনুচ্ছেদ ৮ এ বর্ণিত ক্ষেত্রসমূহের আওতায় বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত প্রকল্পে বিনিয়োগের ক্ষেত্রে কমিশনের সম্মতি গ্রহণ করতে হবে।

(২) তহবিল হতে অর্থ গ্রহণকারী বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী, এ তহবিলের পরিচালনাকারী কর্তৃপক্ষ হিসাবে, বিদ্যুতের একক ক্রেতা তথা বিউবো এর সাথে বিনিয়োগ চুক্তি স্বাক্ষর করবে।

(৩) তহবিল হতে বিনিয়োগকৃত আসল (Principal) অর্থ নির্ধারিত গ্রেস পিরিয়ড (Grace-period) সমাপ্তির পর ১৫ (পনেরো) বছরের মধ্যে বার্ষিক সম-কিস্তিতে উপ-অনুচ্ছেদ (৫) এ বর্ণিত হারে প্রযোজ্য সার্ভিস চার্জসহ তহবিল হতে অর্থ গ্রহণকারী বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী কর্তৃক তহবিলে ফেরত প্রদান করতে হবে।

(৪) তহবিল হতে প্রকল্পের অর্থের প্রথম অবমুক্তির (Disbursement) তারিখ থেকে গ্রেস পিরিয়ড হিসাব করা হবে। প্রকল্পের ধরন ও বাস্তবায়নের বাস্তব সময়কাল বিবেচনায় তহবিল থেকে বিভিন্ন ধরনের প্রকল্প/কার্যে অর্থায়নের ক্ষেত্রে সাধারণভাবে সর্বোচ্চ গ্রেস পিরিয়ড হবে নিম্নরূপ, যথাঃ—

(ক) নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ক্ষেত্রে ১ (এক) বছর;

(খ) বিদ্যুৎ কেন্দ্র রক্ষণাবেক্ষণ, পুনঃক্ষমতায়ন ও দক্ষতাবৃদ্ধি প্রকল্প/কার্যক্রমের ক্ষেত্রে ২ (দুই) বছর তবে ক্ষেত্র ভেদে ২ (দুই) থেকে ৪ (চার)বছর;

(গ) মানব সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট কারিগরি প্রকল্প/কার্যক্রমের ক্ষেত্রে ২ (দুই) বছর;

(ঘ) গ্যাস টারবাইন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ক্ষেত্রে ২ (দুই) বছর;

(ঙ) কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ক্ষেত্রে ৩ (তিন) বছর; এবং

(চ) কয়লা ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ক্ষেত্রে ৫ (পাঁচ) বছর।

(৫) তহবিল থেকে উপ-অনুচ্ছেদ ৮(১)(ক), ৮(১)(গ), ৮(১)(ঘ) এবং ৮(২) এর আওতায় বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানীর গৃহীত প্রকল্প/কার্যক্রমে অর্থায়নের ক্ষেত্রে বার্ষিক ২% (দুই শতাংশ) সরল হারে সার্ভিস চার্জ প্রযোজ্য হবে;

তবে শর্ত থাকে যে, এ তহবিলের অর্থায়নে গৃহীত বিদ্যুৎ উৎপাদন প্রকল্প থেকে বিদ্যুৎ ক্রয় চুক্তির মাধ্যমে বিদ্যুৎ ক্রয়ের ক্ষেত্রে, তহবিল থেকে উক্ত বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে অর্থায়নকৃত অর্থের বিপরীতে বর্ণিত ২% (দুই শতাংশ) হারে সার্ভিস চার্জ বিবেচনায় বিদ্যুতের ক্রয়মূল্য নির্ধারণ বিদ্যুতের একক ক্রেতা হিসাবে বিউবো নিশ্চিত করতে হবে,

আরো শর্ত থাকে যে, উপরের উপ-অনুচ্ছেদ (৪) এর আওতায় প্রযোজ্যতা অনুযায়ী গ্রেস পিরিয়ডেও বর্ণিত ২% (দুই শতাংশ) সরল হারে সার্ভিস চার্জ প্রযোজ্য হবে, এবং উক্ত সার্ভিস চার্জ গ্রেস পিরিয়ড সমাপ্তির পর আসল (Principal) অর্থ তহবিলে ফেরত প্রদান ও সার্ভিস চার্জ পরিশোধের চূড়ান্ত Amortization Schedule মোতাবেক প্রদেয় কিস্তির সাথে ক্যাপিটালাইজপূর্বক সমন্বয় করে পরিশোধ করতে হবে।

(৬) তহবিল থেকে উপ-অনুচ্ছেদ ৮(১)(খ) এর আওতায় বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী কর্তৃক গৃহীত বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে ইক্যুয়িটি ফাইন্যান্সিং এর ক্ষেত্রে বার্ষিক ৩% (তিন শতাংশ) সরল হারে সার্ভিস চার্জ প্রযোজ্য হবে;

তবে শর্ত থাকে যে, উপরের উপ-অনুচ্ছেদ (৪) এর আওতায় প্রযোজ্যতা অনুযায়ী গ্রেস পিরিয়ডেও বর্ণিত ৩% (তিন শতাংশ) সরল হারে সার্ভিস চার্জ প্রযোজ্য হবে, এবং উক্ত সার্ভিস চার্জ গ্রেস পিরিয়ড সমাপ্তির পর আসল (Principal) অর্থ তহবিলে ফেরত প্রদান ও সার্ভিস চার্জ পরিশোধের চূড়ান্ত Amortization Schedule মোতাবেক প্রদেয় কিস্তির সাথে ক্যাপিটালাইজ পূর্বক সমন্বয় করে পরিশোধ করতে হবে।

(৭) গ্রেস পিরিয়ড যে তারিখে সমাপ্ত হবে পরবর্তী বছরসমূহের উক্ত তারিখ বার্ষিক কিস্তি প্রদানের শেষ তারিখ হিসাবে নির্ধারিত হবে। নির্ধারিত সময়ের মধ্যে কিস্তির অর্থ পরিশোধ না করা হলে বিদ্যুতের একক ক্রেতা হিসাবে বিউবো তহবিল হতে অর্থ গ্রহণকারী বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানীর প্রাপ্য পাইকারী বিদ্যুৎ বিল হতে তহবিলের কিস্তি বাবদ বকেয়া অর্থ সমন্বয়পূর্বক তহবিলে জমা প্রদান করবে।

(৮) এ গাইডলাইন্স এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কার্যক্রমের মোট ব্যয়ের সর্বোচ্চ ৮৫% পরিমাণ অর্থ এ তহবিল থেকে অর্থায়ন করা হবে। তবে প্রকল্প/কার্যক্রমের ধরন, অর্থায়নের জটিলতা ইত্যাদি বিবেচনায় কমিশন কোন প্রকল্প/কার্যক্রমে অর্থায়নের ক্ষেত্রে উল্লিখিত সর্বোচ্চ সীমা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

(৯) এ গাইডলাইন্স কার্যকরের পূর্বে উক্ত তহবিল থেকে কমিশন কর্তৃক অনুমোদিত সকল প্রকল্পের অর্থায়নের ক্ষেত্রেও উপ-অনুচ্ছেদ (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭) এবং (৮) এর বিধান সমভাবে প্রযোজ্য হবে।

৮। **তহবিলের অর্থ ব্যয় এবং বিনিয়োগের পরিধি।—**

(১) সিঙ্গোল বায়ার মার্কেটের আওতায় এ তহবিলের অর্থ ব্যয় ও বিনেয়োগ বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানীর গ্যাস, এলএনজি, কয়লা এবং নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের নিম্নোক্ত ক্ষেত্রসমূহে প্রযোজ্য হবে, যথা :—

(ক) সিঙ্গোল বায়ার মার্কেটের আওতায় বিদ্যুৎ মহাপরিকল্পনা (পিএসএমপি) অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী কর্তৃক সম্পূর্ণ নিজস্ব মালিকানায় Ieast cost ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন;

(খ) বিদ্যুৎ মহাপরিকল্পনা (পিএসএমপি) অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী কর্তৃক গঠিত যৌথ উদ্যোগ (Joint Venture) কোম্পানীর মাধ্যমে Ieast cost ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানীর ইক্যুয়িটি ফাইন্যান্সিং;

তবে শর্ত থাকে যে, এ তহবিল থেকে অর্থায়নের ক্ষেত্রে যৌথ উদ্যোগ (Joint Venture) কোম্পানীতে বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানীর ন্যূনতম ৫০% (পঞ্চাশ শতাংশ) শেয়ারের মালিকানা থাকতে হবে;

(গ) বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী কর্তৃক সম্পূর্ণ নিজস্ব মালিকানায় গ্রিড সংযুক্ত (grid-tied) নবায়নযোগ্য জ্বালানি (সৌর ও বায়ু)ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন; এবং

(ঘ) বিউবো এর মালিকানাধীন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র রক্ষণাবেক্ষণ (Balancing, Modernization and Rehabilitation-BMR, major overhauling, ইত্যাদি), পুনঃক্ষমতায়ন (Repowering) এবং দক্ষতা বৃদ্ধি কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্প/কার্যক্রম বাস্তবায়ন।

(২) বিদ্যুৎ খাতের সরকারি সংস্থা কর্তৃক মানব সম্পদ উন্নয়ন সংশ্লিষ্ট কারিগরি প্রকল্প/কার্যক্রম বাস্তবায়ন।

৯। **প্রকল্প প্রাস্তুত, বাছাই, অনুমোদন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন।—**

(১) তহবিলের আওতায় অর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে বাস্তবায়িতব্য প্রকল্প/কার্যক্রম আর্থিকভাবে viable ও কারিগরিভাবে উপযুক্ত হতে হবে এবং প্রকল্পসমূহ বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত হতে হবে।

(২) তহবিলের আওতায় অর্থায়নের প্রাপ্তির জন্য বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানী স্ব স্ব পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে প্রকল্প প্রস্তাব প্রাথমিক অনুমোদনের নিমিত্ত বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে এবং বিদ্যুৎ বিভাগের প্রাথমিক অনুমোদনপত্র, গৃহীতব্য প্রকল্পের Feasibility Study Report এবং ডিপিপিসহ, প্রকল্প প্রস্তাব (সকল দলিলাদির কমপক্ষে ৩ কপিসহ) প্রকল্প বাছাই কমিটির নিকট উপস্থাপন করবে।

(৩) তহবিলের অর্থে বাস্তবায়িতব্য প্রকল্প/কার্যক্রম বাছাই এবং গৃহীত প্রকল্প/কার্যক্রমসমূহের অগ্রগতি নিয়মিতভাবে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত নিম্নরূপ সদস্য সমন্বয়ে "প্রকল্প বাছাই, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি" নামে একটি কমিটি থাকবে :

| | | |
|---|---|---|
| (ক) | সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | - আহ্বায়ক |
| (খ) | সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বিউবো | - সদস্য |
| (গ) | সংশ্লিষ্ট কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক | - সদস্য |
| (ঘ) | বিদ্যুৎ বিভাগ কর্তৃক মনোনীত ১ (এক) জন কর্মকর্তা (অন্যূন যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান পদমর্যাদার) | - সদস্য |
| (ঙ) | মহাব্যবস্থাপক (বাণিজ্যিক পরিচালন), বিউবো | - সদস্য-সচিব |

(৪) কমিটি প্রকল্প/কার্যক্রম বাছাই করে সুপারিশসহ প্রতিবেদন (প্রকল্প প্রস্তাব এবং সংশ্লিষ্ট দলিলাদির ১টি কপিসহ) কমিশনে প্রেরণ করবে।

(৫) কমিটি তহবিলের অর্থে বাস্তবায়িত এবং বাস্তবায়িতব্য প্রকল্প/কার্যক্রমসমূহের অগ্রগতি ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ ও মূল্যায়ণ করবে এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনে দাখিল করবে। কমিটি প্রতিবেদনের অনুলিপি বিদ্যুৎ বিভাগ ও সংশ্লিষ্ট বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থা/কোম্পানীর নিকট প্রেরণ করবে।

১০। **প্রকল্পের অর্থায়ন অনুমোদন।—**

(১) তহবিল থেকে অর্থায়ন প্রাপ্তির জন্য প্রকল্প/কার্যক্রম বাস্তবায়নকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানীকে অনুচ্ছেদ ৯এ দাখিলতব্য দলিলাদির অতিরিক্ত হিসাবে আবশ্যিকভাবে নিম্নোক্ত তথ্যাদি/ডকুমেন্ট কমিশনে পেশ করতে হবে :

(ক) নির্ধারিত ছকে তহবিল থেকে অর্থায়ন প্রাপ্তির জন্য আবেদন (সংলাগ-'ক');

(খ) বছরভিত্তিক ব্যয়ের পরিকল্পনা; এবং

(গ) এ গাইডলাইন্স এর অনুচ্ছেদ ৭ মোতাবেক আসল (Principal) অর্থ তহবিলে ফেরত প্রদান ও সার্ভিস চার্জ পরিশোধের প্রস্তাবিত Amortization Schedule।

(২) বিদ্যুৎ সেক্টরের সার্বিক উন্নয়নের দিকে লক্ষ্য রেখে কমিশন প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্প/কার্যক্রমসমূহের অগ্রাধিকার নির্ধারণ করবে এবং তহবিল থেকে অর্থায়ন অনুমোদন করবে এবং বিদ্যুৎ বিভাগ ও সংশ্লিষ্ট বিদ্যুৎ উৎপাদনকারী সরকারি সংস্থা ও সরকারি কোম্পানীকে অবহিত করবে।

(৩) তহবিলের অর্থায়নে অনুমোদিত প্রকল্প/কার্যক্রমে অর্থ ছাড়ের (Fund Disbursement) ক্ষেত্রে কমিশনের সম্মতি গ্রহণ করতে হবে।

(৪) তহবিলের অর্থ ছাড় ও ব্যয়ের ক্ষেত্রে এতদ্বিষয়ে প্রযোজ্য বিদ্যমান অন্যান্য সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(৫) তহবিলের অর্থায়নে অনুমোদিত প্রকল্প/কার্যক্রমে সকল ধরনের ক্রয়কার্যে প্রযোজ্যতা মোতাবেক সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

১১। নিরীক্ষা।—

(১) বিউবো বিদ্যমান আর্থিক শৃঙ্খলা ও বিধি-বিধান অনুযায়ী প্রতি অর্থবছর সমাপ্তির পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে তহবিলের আয়-ব্যয়ের হিসাব নিবন্ধিত কোন চাটার্ড একাউন্টেন্ট ফার্মের দ্বারা পৃথকভাবে নিরীক্ষা করতঃ তহবিলের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন যথাশীঘ্র সম্ভব কমিশনে এবং বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে তহবিল সংক্রান্ত সকল তথ্যাদি, যতদূর সম্ভব, বিস্তারিত সন্নিবেশিত করতে হবে।

**১২। তহবিল পরিচালনার রেগুলেটরী গাইডলাইন্স এর ব্যাখ্যা।—**

রেগুলেটরী গাইডলাইন্স-এ বর্ণিত হয় নাই এমন বিষয়ে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান প্রযোজ্য হবে। রেগুলেটরী গাইডলাইন্স এর কোনো বিধানের ক্ষেত্রে কোনরূপ অস্পষ্টতার উদ্ভব হলে, বিষয়টি সম্পর্কে ব্যাখ্যা/সিদ্ধান্তের জন্য কমিশনে প্রেরণ করতে হবে, এবং তৎসম্পর্কে কমিশন কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা/সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৩। রহিতকরণ ও হেফাজত।—**

(১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইন্স, ২০১২ অতঃপর উক্ত রেগুলেটরী গাইডলাইন্স বলে উল্লিখিত, এতদ্বারা রহিত করা হলো।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উক্ত রহিতকরণ সত্ত্বেও, উক্ত রেগুলেটরী গাইডলাইন্স-এর অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এ রেগুলেটরী গাইডলাইন্স এর অধীন কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে; এবং

(খ) গৃহীত কার্যধারা বা সূচীত কার্যক্রম অনিষ্পন্ন থাকলে তা এমনভাবে নিষ্পন্ন করতে হবে যেন তা এ রেগুলেটরী গাইডলাইন্স এর অধীন গৃহীত বা সূচীত হয়েছে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের আদেশক্রমে

**মোঃ আবুল কালাম তালুকদার**
পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

সংলাগ-'ক'

**বিদ্যুৎ খাত উন্নয়ন তহবিল থেকে অর্থায়ন প্রাপ্তির আবেদনের ছক।**

| | | |
|---|---|---|
| ১। | প্রস্তাবিত প্রকল্পের নাম | : |
| ২। | প্রকল্প পরিচালকের নাম ও পদবি (ই-মেইল ও মোবাইল নম্বরসহ) | : |
| ৩। | সংস্থা/কোম্পানীর নাম | : |
| ৪। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ | : |
| ৫। | প্রকল্পের মেয়াদ/বাস্তবায়নকাল | : |
| ৬। | প্রকল্পের ব্যয় | : |
| ৭। | প্রকল্পের বছরভিত্তিক ব্যয় | : |
| ৮। | Feasibility Study করা হয়েছে কিনা (Feasibility Study এর সার-সংক্ষেপ সংযুক্ত করতে হবে) | : |
| ৯। | DPP/DPR (Detailed Project Report) করা হয়েছে কিনা (DPP/DPR এর কপি সংযুক্ত করতে হবে) | : |
| ১০। | EIA করা হয়েছে কিনা (EIA এর সার-সংক্ষেপ সংযুক্ত করতে হবে) | : |
| ১১। | প্রস্তাবিত Amortization Schedule (সংযুক্ত করতে হবে) | : |

প্রকল্প পরিচালকের স্বাক্ষর
(সীলসহ)

সংস্থা প্রধানের স্বাক্ষর
(সীলসহ)

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd